

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)
শাহজালাল উপশহর শাখা সিলেট।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।
(অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউসিবি, শাহজালাল উপশহর শাখা, সিলেট এর ঋণগ্রহীতা মেসার্স এশিয়া স্টোন ক্রাশার ইন্ডাস্ট্রি, স্বত্বাধিকারী জনাব হাজী মোঃ গোলাম হাদী ছয়ফুল, পিতা- হাজী গোলাম সোবহানী, মাতা- মোছাঃ আয়েশা খানম, ঠিকানা- রাহিম টাওয়ার (২য় তলা), সোবহানীঘাট, সিলেট, কারখানা- পারুয়া, ভোলাগঞ্জ, কোম্পানীগঞ্জ, সিলেট, বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ গ্রাম- লাউয়াই, ২নং বরইকান্দি ইউনিয়ন পরিষদ ডাকঘর- সিলেট-৩১০০, থানা- দক্ষিণ সুরমা, জেলা- সিলেট, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১/০৮/২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৪,৩৩,৯৬,৭১০.৫৭ (চার কোটি তেত্রিশ লক্ষ ছিয়ানব্বই হাজার সাত শত দশ টাকা সাতান্ন পয়সা মাত্র) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উলেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

- ১) জেলা- সিলেট, থানা- কোম্পানীগঞ্জ, মৌজা- তৈমুরনগর জে.এল. এসএ ৬২, আরএস ৬, এসএ খতিয়ান নং ৩০৬ সাবেক মিউটেশন খতিয়ান নং ৫৯৫, ৬২৪, বর্তমান মিউটেশন খতিয়ান নং ১৯২৭, আরএস খতিয়ান নং ১২০৭, ৬১৪, এসএ দাগ নং- ৬৩, আরএস দাগ নং-৯৭, এরিয়া- ২.৬৯৫০।
- ২) জেলা-সিলেট, থানা- দক্ষিণ সুরমা, মৌজা- ধরাধরপুর, জে.এল নং- এসএ ১১৫, খতিয়ান নং- এসএ ২১৬, আরএস- ডিপি- ৮১/১০, মিউটেশন খতিয়ান নং-৪২৯,৩৯৫, দাগ নং- এসএ ২০০ এরিয়া- ০.৩৯ একর।
- ৩) জেলা-সিলেট, থানা- কোম্পানীগঞ্জ, মৌজা তৈমুরনগর, জে.এল নং- এসএ ৬২, আরএস ৬, খতিয়ান নং- এসএ ১৫৩, ২৯৯, ৩৩৩, আরএস- ডিপি-৫১, মিউটেশন খতিয়ান নং-১৩৭৮ / ১৩৭৯, দাগ নং- এসএ ২৯,৬৫,৬৪,৩১, আর এস ৪৩, এরিয়া- ২.৩০ একর।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৮/১০/২০১৫ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ শাহজালাল উপশহর শাখা, সিলেট এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকার জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, শাহজালাল উপশহর শাখা, সিলেট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরপত্রদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ শাহজালাল উপশহর শাখা, সিলেট